অধ্যক্ষের কার্যালয়

স্যার আশুতোষ সরকারি কলেজ

বোয়ালখালী, চট্টগ্রাম।

তারিখ: ০৫/১১/২০২৬

২০২৬ সালের এইচএসসি পরীক্ষার (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা স্যার আশুতোষ সরকারি কলেজের ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষায় অংশগ্রহণকারী সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম নিম্নোক্ত ফি ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন হবে:

ক্রমিক	বিবরণ	পরীক্ষা ফি	কেন্দ্র ফি	ব্যবস্থাপনা ফি	মোট	ফি প্রদানের তারিখ	ফরম পূরণকারীদের স্বাক্ষর গ্রহণের তারিখ
১	এক বিষয়	২৫০	৪৫০	৫০	৭৫০	০৫/১১/২০২৬ থেকে ০৮/১১/২০২৬ তারিখ পর্যন্ত	১০/১১/২০২৬
২	দুই বিষয়	৫০০	৪৫০	৫০	১০০০		
৩	শুধু মাত্র আইসিটি	১২৫	৪৫০	৫০	৬২৫		

প্রয়োজনীয় নির্দেশনা:

১। কলেজের অফিসিয়াল ওয়েবসাইটে **(https://sirashutosh.college.gov.bd/)** প্রকাশিত সম্ভাব্য তালিকায় শিক্ষার্থীদের নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোডসহ অন্যান্য তথ্যাদি সতর্কতার সাথে যাচাই করতে হবে। কোনো প্রকার ভুল বা অসঙ্গতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে কলেজ অফিসে যোগাযোগ করার নির্দেশ দেওয়া হলো।

২। নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীরা 'বিকাশ' অ্যাপে লগইন করে **Education Fee** অপশন নির্বাচনপূর্বক কলেজের নাম নির্বাচন করবে এবং **Student ID**-এর স্থলে নিজের রেজিস্ট্রেশন নম্বর প্রদান করে নির্ধারিত ফি পরিশোধ করবে।

৩। ২০২৬ সালের নিয়মিত শিক্ষার্থী এবং যেসকল শিক্ষার্থী ২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) ২০২৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে সর্বোচ্চ ০২ (দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে, কেবল তারাই ২০২৬ সালের সাপ্লিমেন্টারি পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

নির্ধারিত সময়সীমার (০৮/১১/২০২৬) মধ্যে ফি পরিশোধ করতে ব্যর্থ হলে পরবর্তীতে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।

অধ্যক্ষ
স্যার আশুতোষ সরকারি কলেজ
বোয়ালখালী, চট্টগ্রাম।

CamScanner